# গঠনতন্ত্র

(সংশোধিত)

## সামাজিক উন্নয়ন সংস্থা

## SAMAJIK UNNAYAN SANGSTHA (SUS)

১. সংগঠনের নাম পরিচিতি:

বাংলায় সামাজিক উন্নয়ন সংস্থা

ইংরেজীতে SAMAJIK UNNAYAN SANGSTHA সংক্ষেপে SUS

২. সংগঠনের মনোগ্রাম:

৩. সংগঠনের ঠিকানা:

পোঃ দপদপিয়া, থানাঃ নলছিটি, জিলাঃ ঝালকাঠী।

৪. সংগঠনের কর্ম এলাকা:

আপাতত ঝালকাঠী জেলা।

৫. সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য:

ক) দেশের দরিদ্র জনগোষ্ঠির আর্থসামাজিক উন্নয়নের মাধ্যমে ক্ষমতায়ন।

খ) শোষণ হীন সমাজ প্রতিষ্ঠার লক্ষে দরিদ্র জনগোষ্ঠীকে সংগঠিত করা।

গ) নিরক্ষর জনগোষ্ঠী কে আনুষ্ঠানিক/অনানুষ্ঠানিক ও উপ আনুষ্ঠানিক শিক্ষার মাধ্যমে নিরক্ষর মুক্ত করা।

ঘ) প্রশিক্ষণের মাধ্যমে মানবিক উন্নয়ন ও দক্ষতা উন্নয়ন ঘটানো।

ঙ) পরিবেশের ভারসাম্য বজায় রাখা ও পরিবেশ উন্নয়নে কাজ করা।

চ) পরিবেশ সম্মত কৃষি ও সামাজিক বনায়ন সম্পন্ন করা।

ছ) জলজ সম্পদ উন্নয়ন ও মৎস্য চাষে সহায়তা করা।

জ) স্বাস্থ্য ও সেনিটেশন ব্যবস্থার উন্নয়ন সাধন ও পরিকল্পিত পরিবার গঠনে উদ্বুদ্ধকরণ ও সহায়তা প্রদান।

ঝ) পশ্চাৎপদ জনগোষ্ঠীর মানবাধিকার প্রতিষ্ঠায় আইনগত সহায়তা প্রদান।

ঞ) গণ সংস্কৃতি বিকাশে কাজ করা ও খেলাধুলা এবং বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা

ট) বিভিন্ন উন্নয়নমূলক গবেষণা কার্যক্রম পরিচালনা করা।

৬. সদস্য হইবার যোগ্যতা:

- সংস্থার লক্ষ্য উদ্দেশ্যে বিশ্বাসী প্রাপ্ত বয়স্ক বাংলাদেশী নাগরিক সাধারণ সদস্যপদ লাভ করিতে পারিবেন তবে সভাপতি বরাবরে ৫০/- টাকা ভর্তি ফি সহ আবেদন করিলে সংস্থার নিয়মানুযায়ী কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত মোতাবেক সদস্যপদ প্রাপ্ত হবে। মাসিক চাঁদা ২০ টাকা হইবে। প্রয়োজনে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী মাসিক চাঁদা বৃদ্ধি করা যাবে।

মোঃ রাশেদ খাঁন
সম্পাদক-সামাজিক উন্নয়ন সংস্থা
দপদপিয়া, নলছিটি, ঝালকাঠী।

মুজিবর রহমান সিকদার
সভাপতি
সামাজিক উন্নয়ন সংস্থা
দপদপিয়া, নলছিটি, ঝালকাঠী

৭. **সংগঠনের সদস্য পদ দুই প্রকারঃ**

যথাঃ সাধারণ সদস্য ও আজীবন সদস্য।

**সাধারণ সদস্যঃ** যাহারা নিয়ম মাফিক ভর্তি ফি ও চাঁদা দিয়ে সদস্য পদ লাভ করিবেন তাহারা সাধারণ সদস্য।

**আজীবন সদস্যঃ** যাহারা এককালীন তিন হাজার টাকা বা সম পরিমান সম্পদ দিয়ে থাকেন তাহারা আজীবন সদস্য হিসেবে গণ্য হবেন।

৮. **সদস্য পদ বাতিল বা স্থগিত হওয়ার কারন ও নিয়মাবলীঃ**

- পরপর ছয় মাসের মাসিক চাঁদা পরিশোধে ব্যর্থ হইলে ( আজীবন সদস্যের বেলায় প্রযোজ্য নয়)
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে পরপর তিন সভায় অনুপস্থিত থাকিলে।
- মৃত্যু হইলে।
- উম্মাদ ও দেউলিয়া হইলে।
- সমাজ বিরোধী কাজে লিপ্ত হইলে।
- আইনগত অপরাধী বিবেচিত হইলে।
- প্রতিষ্ঠানের স্বার্থ বিরোধী কাজে লিপ্ত হইলে।

৯. **সংগঠনের কার্যালয় ও শাখা প্রশাখাঃ**

বর্তমানে দপদপিয়া একটি কার্যালয় থাকিবে এবং ভবিষ্যতে প্রকল্পের প্রয়োজনে ইহার শাখা প্রশাখা বাড়ানো যাবে।

১০. **সাংগঠনিক কাঠামোঃ**

সংগঠনের ২টি পরিষদ থাকিবে

(১) সাধারণ পরিষদঃ সংস্থা সাধারণ সদস্য ও আজীবন সদস্যদের নিয়ে সাধারণ পরিষদ গঠিত।

(২) কার্যনির্বাহী পরিষদঃ সাধারণ পরিষদ এর মধ্য থেকে সাধারণ সদস্যদের ভোটে বা বাছাইয়ের মাধ্যমে ৭ সদস্য বিশিষ্ট একটি কার্যনির্বাহী পরিষদ গঠিত হবে। যেমনঃ

| | |
|---|---|
| সভাপতি | ১ জন |
| সহ সভাপতি | ১ জন |
| সম্পাদক- | ১ জন |
| সদস্য- | ৪ জন |
| মোট- | ৭ জন |

১১. **সাধারণ পরিষদের দায়িত্ব ও কর্তব্যঃ**

(ক) নিয়মিত মাসিক চাঁদা পরিশোধ করা।

(খ) সকল প্রকার সাধারণ সভায় যোগদান ও সংগঠনের উন্নয়নে কাজ করা।

(গ) সংগঠনের বাৎসরিক আয়-ব্যয়ের হিসাব ও বাজেট অনুমোদন করা।

(ঘ) কার্যকরী পরিষদ নির্বাচনে অংশগ্রহন ও ভোট প্রদান করা।

(ঙ) প্রাথমিক ভাবে সংগঠনের সংবিধান অনুমোদন ও সংশোধনী প্রস্তাব পেশ কর

(চ) জরুরী সভা আহবান ও সিদ্ধান্ত গ্রহণ করা।

(ছ) সংগঠনের বিলুপ্তি সাধনে সিদ্ধান্ত গ্রহণ ও রেজি: কর্তৃপক্ষের নিকট পেশ কর

অনুমোদিত

উপ-পরিচালক

মোঃ রাশেদ খান
সম্পাদক-সামাজিক উন্নয়ন সংস্থা
দপদপিয়া, নলছিটি, ঝালকাঠী।

মুজিবর রহমান সিকদার
সভাপতি
সামাজিক উন্নয়ন সংস্থা
নলছিটি, ঝালকাঠী।

১২. কার্যনির্বাহী পরিষদের দায়িত্ব ও কর্তব্যঃ

(ক) প্রতি তিন মাস পর পর সভা আহবান করিয়া কার্যক্রম অগ্রগতি পর্যালোচনা করা।

(খ) সংগঠনের আর্থিক স্বচ্ছলতা বৃদ্ধির জন্য যেকোন উন্নয়নমূলক পদক্ষেপ গ্রহন ও বাস্তবায়ণ করা।

(গ) সংগঠনের গঠনতন্ত্র বিরোধী কাজে লিপ্ত সদস্যদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের ব্যবস্থা করা।

(ঘ) বছরে অন্তত: একবার সাধারণ সভা আহবান পূর্বক আয়-ব্যয়ের হিসাব অনুমোদন করা।

(ঙ) প্রতি তিন বছর পর পর কার্যকরী পরিষদের মেয়াদ শেষে নতুন কার্যনির্বাহী পরিষদ গঠনের ব্যবস্থা করা।

(চ) প্রকল্প অনুমোদন ও সংগঠনটি পরিচালনায় সার্বিক সহযোগিতা করা।

১৩. কার্যনির্বাহী পরিষদ কর্মকর্তা/ সদস্যদের দায়িত্ব ও কর্তব্যঃ

ক) সভাপতিঃ

- সভাপতি সংস্থার সাংবিধানিক প্রধান। সকল সভায় তিনিই সভাপতিত্ব করিবেন। তিনি ক্ষমতা প্রয়োগের ব্যাপারে সম্পাদক এর সঙ্গে আলোচনা ও পরামর্শ করিবেন। তিনি সম্পাদক কে সভা আহবান করতে বলিবেন।

খ) সহ সভাপতিঃ

- সহ-সভাপতি সভাপতির অনুপস্থিতিতে তাহার যাবতীয় দায়িত্ব পালন করিবেন।

গ) সম্পাদকঃ

- সম্পাদক সংস্থার নির্বাহী প্রধান হিসেবে কাজ করিবেন।
- সম্পাদক সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারী নিয়োগ প্রদান করিবেন।
- সম্পাদক এর সঙ্গে ৫০০০ টাকা পর্যন্ত কমিটির অনুমোদন ব্যতিরেকে খরচ করিতে পারিবেন।
- তিনি সভাপতির সঙ্গে আলোচনা করে সকল প্রকার সভা আহবান ও সভার আলোচ্যসূচী নির্ধারণ করিবেন।
- সম্পাদক সংস্থার সকল প্রকল্প বাস্তবায়নে পরিচালকের দায়িত্ব পালন করিবেন এবং এজন্য তিনি প্রকল্প তহবিল হইতে যাতায়াত/সম্মানিভাতা/আর্থিক সুবিধা পাইবেন।
- সম্পাদক সংস্থার পক্ষে দেশে ও দেশের বাইরে যে কোন দাতা সংস্থা / সংগঠনের সাথে চুক্তি করিবেন।
- তিনি সংস্থার যাবতীয় গুরুত্বপূর্ণ দলিল ও কাগজপত্র রক্ষণাবেক্ষণ করিবেন।
- তিনি বাৎসরিক বাজেট ও প্রতিবেদন প্রণয়ন করিবেন ও নির্বাহী কমিটির সভা/ সাধারণ সভায় উপস্থাপন করিবেন।
- সম্পাদক সংস্থার পক্ষে যেকোন প্রকার আর্থিক লেনদেন ও ঋণ প্রদান বা গ্রহণের চুক্তি সম্পাদন করিবেন।
- সম্পাদক সংস্থার স্বার্থে যেকোন প্রকার ক্রয়-বিক্রয় সংক্রান্ত চুক্তি সম্পাদন করিবেন।
- সম্পাদক সকল প্রকার সরকারী/বেসরকারী সভা, কর্মশালা ও কর্মসূচীতে সংস্থার পক্ষে প্রতিনিধিত্ব করিবেন।

ঘ) সদস্যঃ

- সভাপতি/সহ-সভাপতি/সম্পাদক এর নির্দেশে অর্পিত দায়িত্ব পালন করিবেন।

১৪. সভা আহবানের নিয়মঃ

ক) বৎসরে একবার সংস্থার সাধারণ সভা অনুষ্ঠিত হইবে। সাধারণ পরিষদের সভার জন্য ১৫ দিন পূর্বে সভার নোটিশ বিশেষ লোক মারফত অথবা ডাকযোগে পাঠাইতে হইবে।

খ) বিশেষ সাধারণ সভার জন্য ৭ দিন পূর্বে নোটিশ দিতে হইবে।

গ) নির্বাহী কমিটি বা সাধারণ পরিষদ যদি বিশেষ সাধারণ সভা করা প্রয়োজন মনে করে তাহা হইলে কমিটির ২/৩ দুই তৃতীয়াংশ সদস্য মিলিত হয়ে সভা করিতে ও সিদ্ধান্ত নিতে পারিবেন।

ঘ) প্রতি তিন মাসে একবার নির্বাহী কমিটির সভা হইবে। ৭দিন পূর্বে নোটিশ জারি করিতে হইবে।

ঙ) ২৪ ঘন্টার নোটিশে নির্বাহী কমিটির বিশেষ সভা অনুষ্ঠিত হইতে পারে।

১৫. তলবি সভা আহবানের নিয়মঃ

- সাধারণ ভাবে বছরে অন্তত একটি সাধারণ সভা ও ৩টি কার্যকরী পরিষদের সভা অনুষ্ঠিত হবে। কিন্তু নির্ধারিত সময়ে যদি সভা আহবান করিতে ব্যর্থ হয় এবং সংগঠনের প্রয়োজনে কমিটি নির্ধারিত সময়ের পূর্বে সভা আহবানের প্রয়োজন হয় তবে সাধারণ পরিষদের দুই তৃতীয়াংশ সদস্য লিখিত ভাবে সভা আহবানের জন্য সভাপতির নিকট আবেদন করিতে হইবে। তিনি ৭ (সাত) দিনের মধ্যে সভা আহবান করিতে ব্যর্থ হইলে সাধারণ পরিষদের দুইতৃতীয়াংশ সদস্য নোটিশ প্রদান পূর্বক আহবান করতে পারিবেন এবং উক্ত সভার সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

মোঃ রাশেদ খান
সম্পাদক-সামাজিক উন্নয়ন সংস্থা
দপদপিয়া, নলসিটি, ঝালকাঠী।

মুজিবর রহমান সিকদার
সভাপতি
সামাজিক উন্নয়ন সংস্থা
দপদপিয়া, নলছিটি, ঝালকাঠী।

সভার কোরাম:

- সাধারণ সভা বা নির্বাহী কমিটির সভায় দুই তৃতীয়াংশ সদস্যদের উপস্থিতিতে সভায় কোরাম হবে এবং সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবেন।
- সংস্থার সংবিধান সংশোধনের জন্য সাধারণ সদস্যদের তিনের দুই অংশ সদস্য একমত হইতে হইবে।

সংবিধান অনুমোদন:

- প্রাথমিক ভাবে সংস্থার সাধারণ সদস্যদের দ্বারা অনুমোদন করিবে। এবং রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষকে জানাইতে হইবে। রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত উহা কার্যকরী হইবে না।

সংবিধান পরিবর্তন:

- সংস্থার সাধারণ পরিষদের ২/৩ (দুই তৃতীয়াংশে) সদস্য একমত হইলে সংস্থার ধারা উপধারা পরিবর্তন, পরিবর্ধন, পরিহার, সংশোধন বা সংযোজন করিতে পারিবেন। এইরূপ সিদ্ধান্ত গৃহীত হইলে রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত উহা কার্যকরী হইবে না।

নির্বাচন:

- প্রতি দুই বছর অন্তর কার্যনির্বাহী পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হইবে।
- সকল সাধারণ সদস্যই ভোটার হিসাবে গন্য হইবে ও ভোট প্রদান করিতে পারিবেন।
- সুষ্ঠ নির্বাচন পরিচালনার জন্য স্থানীয় গন্যমান্য ১ জন নিরপেক্ষ ব্যক্তির মাধ্যমে নির্বাচন কমিশন গঠন করিতে হইবে।
- কার্যনির্বাহী কমিটি রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষ দ্বারা অনুমোদন করাইতে হইবে
- কার্যনির্বাহী কমিটি গঠনের ১৫ দিনের মধ্যে পূর্বের কমিটি নতুন কমিটির কাছে ক্ষমতা হস্তান্তর করিতে বাধ্য থাকিবে।

কার্যনির্বাহী কমিটির মেয়াদ শেষ হবার ১৫(পনের) দিন পূর্বে নির্বাচনি কার্য্য সম্পাদন করিতে হইবে।

সম্পদ, তহবিল গঠন ও তাহার ব্যবহার:

- কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে নির্বাহী কমিটির অনুমোদনক্রমে তহবিল/সম্পদ বৃদ্ধির উদ্দেশ্যে সংস্থা সদস্যদের নিকট হইতে চাঁদা, দান ও মঞ্জুরী গ্রহণ এবং দাতা সংস্থা হইতে অথবা সরকারী অনুদান গ্রহণ করা যাইতে পারে।
- সংস্থার প্রোগ্রাম বাস্তবায়নের জন্য যে কোন আর্থিক প্রতিষ্ঠান হইতে ঋণ যোগান নিতে পারিবে।
- উপরোল্লিখিত উৎস হইতে গৃহীত অনুদান/তহবিল বা সম্পদ সংস্থার বিভিন্ন সেবা ও উন্নয়নমূলক কাজে ব্যবহৃত হইবে।

১. সংগঠনের বাজেট প্রণয়ন ও অনুমোদন:

- সম্পাদক বার্ষিক সাধারণ সভায় সংস্থার বাৎসরিক খরচের বাজেট পেশ করিবেন। সংস্থার বাৎসরিক পরিকল্পনা ও বাজেট নিয়ে সাধারণ পরিষদে আলোচনা পর্যালোচনার পরে সংখ্যাগরিষ্ঠ সদস্যদের সমর্থনে অনুমোদন ও গৃহীত হইবে।

ব্যাংক হিসাব অপারেট / পরিচালনা:

- সম্পাদক আর্থিক লেনদেনের জন্য কার্যনির্বাহী পরিষদের সভাপতি এবং সহ-সভাপতি এর সাথে ব্যাংকে যৌথ হিসাব খুলিবেন। তবে সম্পাদক-এর স্বাক্ষরসহ যেকোন একজনের স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালনা করিবেন।

আয় ও ব্যয়ের অডিট/নিরীক্ষণ:

- সংস্থার আয়, ব্যয় ও তহবিল ব্যবহারের সঠিক হিসাব এর জন্য বৎসরে একবার সরকার অনুমোদিত অডিট ফার্ম কর্তৃক অডিট করাইতে হবে এবং প্রতিবেদন রেজিষ্ট্রেশন ও নিবন্ধন কর্তৃপক্ষ ও দাতা সংস্থাকে প্রদান করিতে হইবে। প্রয়োজনে রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষ এবং দাতা সংস্থা নিরীক্ষণ বা পুনঃনিরীক্ষণ করিতে পারিবেন।

৪. সংগঠনের বিলুপ্তি:

- কোন কারণে সংস্থা বিলুপ্ত করিতে হইলে সাধারণ পরিষদের দুই তৃতীয়াংশ সদস্যদের মতামতের মাধ্যমে এবং রেজিষ্ট্রেশন ও নিবন্ধন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সংস্থা বিলুপ্ত ঘোষণা ও কার্যকরি ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। এবং সংস্থার যাবতীয় সম্পদ কোন জনকল্যাণমূলক বা উন্নয়নমূলক প্রতিষ্ঠান প্রদান অথবা সরকারী মালিকানায় চলে যাবে।

সংশোধিত [illegible] কোন বাধা নাই এমন কোন [illegible] থাকিবে না।

৫

মোঃ রাশেদ খান
সম্পাদক-সামাজিক উন্নয়ন সংস্থা
দপদপিয়া, নলছিটি, ঝালকাঠী।

মুজিবর রহমান সিকদার
সভাপতি
সামাজিক উন্নয়ন সংস্থা
দপদপিয়া, নলছিটি, ঝালকাঠী।